দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য ড. ইয়াসমীন আরা লেখার ডি-লিট ডিগ্রি অর্জন

ইত্তেফাক অনলাইন ডেস্ক
প্রকাশ : ০৭ এপ্রিল ২০২৪, ২০:১১




**ভারতের ঝাড়খণ্ড রাজ্যের রাঁচি বিশ্ববিদ্যালয় থেকে ডক্টর অব লিটারেচার (ডি-লিট) ডিগ্রি অর্জন করেছেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা।**

বৃহস্পতিবার (৪ এপ্রিল) অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখাকে এই ডিগ্রি প্রদান করে রাঁচি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখার থিসিসের টপিক ছিল 'বাংলাদেশের প্রবাদ প্রবচন: ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ'। তার থিসিসের তত্ত্বাবধায়ক ছিলেন বিশ্ববিদ্যালয়টির বাংলা বিভাগের অধ্যাপক ড. এসকে পাল।

২০২৩ সালের এপ্রিল মাসে উত্তরা ইউনিভার্সিটির নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছিলেন এই শিক্ষাবিদ। ড. লেখা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্য ও ভাষাবিজ্ঞান বিষয়ে ১৯৯২ সালে স্নাতক (সম্মান) এবং ১৯৯৫ সালে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। গবেষক হিসেবে অর্জনের স্বীকৃতি স্বরূপ তিনি ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে ভাষাবিজ্ঞানে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

ইত্তেফাক/এবি